

একুশের কবিতা - আশরাফ সিদ্দিকী

পাখি সব করে রব রাতি পোহাইল
কাননে কুসুম কলি সকলি ফুটিলো।।
কবেকার পাঠশালায় পড়া মন্ত্রে মতো সেই সুর
সুর নয় স্মৃতির মধুভাঙা...
সেই আমার দেশ-মাঠ-নদী--
আমার দেশের জারি সারি ভাটিয়ালি মুর্শিদ
আরও কত সুরের সাথে মিশে আছে
আমার মায়ের মুখ
আমার মায়ের গাওয়া কত না গানের কলি !
বিনিধানের মাঠের ধরে হঠাৎ কয়েকটি গুলির আওয়াজ...
কয়েকটি পাখির গান শেষ না হতেই তারা ঝরে গেলো
পড়ে গেলো মাটিতে
সেই শোকে কালবৈশাখীর ঝড় উঠলো আকাশে
মাঠ কাঁপলো
ঘাট কাঁপলো
বাট কাঁপলো
হাট কাঁপলো
বন কাঁপলো
মন কাঁপলো
ইতিহাস থমকে দাঁড়িয়ে লিখে নিলো সব...
তাই তো সহস্র পাখির কলতানে আজ দিগন্ত মুখর
তাই তো আজ দ্যাখো এ মিছিলে এসে দাঁড়িয়েছেন আমার মা
যিনি বাংলা ভাষায় কথা বলতে বড়ো ভালোবাসেন
কথায় কথায় কথকতা কতো রূপকথা
আর ছড়াবো ছন্দে মিষ্টি সুরের ফুল ছড়ানো
যিনি এখনো এ মিছিলে গুন গুন করে গাইতে পারেন
পাখি সব করে রব রাতি পোহাইল।
কাননে কুসুমকলি সকলি ফুটিলো।।
রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে।
শিশুগণ দেয় মন নিজ পাঠে।।